দৈনিক বাংলা

তারিখ 1/৫/80
পৃষ্ঠা 6 কলাম 2

033

# এ বছর ৭০০ খাল কাটা হবে

শান্তিপূর্ণ বিপ্লবের প্রথম পর্যায়ের অধীনে আজ শনিবার থেকে দেশব্যাপী খাল খনন কর্মসূচীর দ্বিতীয় অধ্যায় শুরু হচ্ছে। চলতি বছরের জন্য ৪৮১টি অনুমোদিত স্কীমের মধ্যে আজ ৫০টির মাটি কাটা উদ্বোধনের মধ্য দিয়ে শুরু হবে এই কার্যক্রম।

বাসস-র খবরে প্রকাশ, কর্মসূচীর প্রথম দিনে দিনাজপুর, রংপুর, বগুড়া ও টাঙ্গাইল এই চারটি জেলায় প্রেসিডেন্ট জিয়াউর রহমানের সঙ্গে হাজার হাজার লোক খাল কাটার কাজে শামিল হবেন। দেশের অন্যান্য স্থানে এদিন আরও যে ৪৬টি খাল কাটা শুরু হচ্ছে তাতে বেশ কয়েক হাজার লোক স্বেচ্ছাশ্রম দেবেন। এর পর লক্ষ লক্ষ লোকের অংশগ্রহণে খাল কাটার অভিযান চলবে সমস্ত স্কীম বাস্তবায়িত না হওয়া পর্যন্ত।

বাস্তব অবস্থা অনুকূল হলে বা কাদা শুকিয়ে গেলেই অবশিষ্ট খালগুলো গভীর ও চওড়া করে কাটার কাজ শুরু হবে। ভূমিহীন কৃষক, শিক্ষক, ছাত্র, আনসার ও কর্মকর্তাসহ খাল কাটার কয়েক কোটি স্বেচ্ছাকর্মীর মধ্যে গ্রাম প্রতিরক্ষা দলের প্রায় এক কোটি সদস্যও থাকবেন।

এসব প্রকল্পের যে ব্যয় ধরা হয়েছে তার শতকরা ১৫ ভাগের ভিত্তিতে সরকারী বরাদ্দের পরিমাণ হচ্ছে ৫ লাখ মন গম। কোদাল ও ঝুড়ি কেনা ও আনুষঙ্গিক ব্যয় মেটানোর জন্য নগদ দেড় কোটি টাকা মঞ্জুর করা হয়েছে।

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## ৭০০ খাল

(১ম পৃঃ পর)

খাদ্য বিভাগ ইতিমধ্যেই গুদাম থেকে প্রতি মহকুমার জন্য এক হাজার মন এই হারে গম দিয়েছে। প্রকল্পে অংশগ্রহণকারী ভূমিহীন কৃষক ও দিনমজুরদের জন্য এটা বরাদ্দ করা হয়েছে। ৭০ ঘনফুট মাটি কাটার জন্য এদেরকে মাথাপিছু তিন সের গম দেয়া হবে।

প্রেসিডেন্ট জিয়াউর রহমান আজ দিনাজপুরের চাঁরিয়া নদী প্রকল্প, রংপুরে রংপুর-কুড়িগ্রাম রাস্তার পার্শ্ববর্তী খাল, বগুড়ায় গাহাই-চান্দীবর রাস্তার পার্শ্ববর্তী খাল এবং টাঙ্গাইলে নায়েরা পুনঃখনন প্রকল্পের মাটি কাটার উদ্বোধন করবেন।

এ বছর খাল খনন কর্মসূচীর লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৭শ। এই ৭শ'টি খাল খনন হলে ১৫ লাখ একর জমি সেচের আওতায় আসবে।

### খাল খননে শামিল হবার আহ্বান

ডেপুটি স্পীকার জনাব সুলতান আহমদ চৌধুরী গতকাল চট্টগ্রামের পতেঙ্গার মাইজপাড়ায় এক জনসভায় বক্তৃতা প্রসঙ্গে জনগণকে দেশব্যাপী দ্বিতীয় পর্যায়ের খাল খনন কর্মসূচীতে অংশ নেবার আহ্বান জানান। তিনি বলেন, বিএনপি সরকার উৎপাদনের রাজনীতিতে বিশ্বাসী এবং সব দিক দিয়ে দেশকে স্বয়ম্ভর করার প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

বাংলা মুদ্রণালয়, ১. ডিআইটি
...তৃক মুদ্রিত ও প্রকাশিত।